অন্নদা গোবিন্দ পাবলিক লাইব্রেরী
স্থাপিত ১৮৯০
পাবনা, বাংলাদেশ


**কার্যনির্বাহী পরিষদ**

**অঞ্জন চৌধুরী পিন্টু**
সভাপতি
ফোন: ০২ ৫৮৮৮৮৪২৫৮২
০২ ৮৮২ ৭৭২৯-৩৮

**দবির উদ্দীন আহমেদ**
সহ-সভাপতি
মোবাইল: ০১৭১৩-০৬৬০০৬
ফোন: ০২ ৫৮৮৮৮০৫২৭২ (অফিস)
০২ ৫৮৮৮৮৪২৩৭৫ (বাসা)

**রবিউল ইসলাম রবি**
সহ-সভাপতি
মোবাইল: ০১৭১১-৮৫৮৬১৯
ফোন: ০২ ৫৮৮৮৮৪২৩৭২ (বাসা)

**আব্দুল মতীন খান**
মহাসচিব
মোবাইল: ০১৭১১-১৮১৭৭৩
ফোন: ০২ ৫৮৮৮৮৪৫২৬৪ (অফিস)
০২ ৫৮৮৮৮৪৫৪৫০ (বাসা)

**কার্যনির্বাহী সদস্য**

**শিবজিত নাগ**
মোবাইল: ০১৭১৫-৯৪৮৬৮৮
ফোন: ০২ ৫৮৮৮৮৪৫১৫২ (বাসা)

**মির্জা মোঃ আজিজুর রহমান**
মোবাইল: ০১৭৫৯-৬৮৪০০৯

**কাজী রফিকুল আলম**
মোবাইল: ০১৫৫৬-৩১০৬২৬

**রবিউল ইসলাম চৌবে ডাবলু**
মোবাইল: ০১৭১৫-০৫৭৩৭৪
ফোন: ০২ ৫৮৮৮৮৪৪০৪৪

**এ্যাড. মোঃ আব্দুল হান্নান**
মোবাইল: ০১৭৩০-৩২৮৮২৬

**ডাঃ মনোয়ার-উল-আজীজ**
মোবাইল: ০১৭১১-৮৮৬৮৮১
ফোন: ০২ ৫৮৮৮৮৪৫৮৫৮ (বাসা)

**ড. মোঃ হাবিবুল্লাহ্**
মোবাইল: ০১৭১৭-১৩৫৫৬০
ফোন: ০২ ৫৮৮৮৮৪৫৭২৭ (বাসা)

**নুরুন্নাহার সরকার**
মোবাইল: ০১৭১১-২৮২৭১৮

**ফরিদা ইয়াসমীন লাকী**
মোবাইল: ০১৭১২-০০২১১০


এজিপি ল ২৫/২০২৬ (৮০) তাং ০৮/০৭/২০২৬ ইং

বরাবর
রেজিস্ট্রার
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
গোপালগঞ্জ।

বিষয়ঃ প্রতিযোগিতায় অংশগ্রহণ ও রচনা প্রেরণ প্রসঙ্গ।

জনাব,
শুভেচ্ছা নেবেন। অনেক ঘাত-প্রতিঘাত, অনুকূল আর প্রতিকূল পরিবেশের মধ্য দিয়ে অন্নদা গোবিন্দ পাবলিক লাইব্রেরী বাঙালির শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ধারা বিকাশের গতিকে প্রবাহিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ১৮৯০ সালের ৩০ জুলাই প্রতিষ্ঠা লাভ করে এই লাইব্রেরী দীর্ঘ ১৩৬ বছর পূরণ করে ১৩৭ বছরে পা রাখতে যাচ্ছে। দিবসটি স্মরণ করতে আমরা লাইব্রেরীর উদ্যোগে শিক্ষার্থীদের মধ্যে একাধিক প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সঙ্গীত সন্ধ্যা প্রভৃতি কর্মসূচির আয়োজন করেছি। বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আপনার প্রতিষ্ঠানের অংশগ্রহণেচ্ছুক প্রতিযোগীদেরকে কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করার জন্য ও লিখিত রচনা সরাসরি বা ডাকযোগে লাইব্রেরী কার্যালয়ে জমা দেয়ার জন্যে অনুরোধ করছি।
প্রতিযোগিতায় ও অনুষ্ঠানমালায় আপনাদের সহযোগিতা প্রত্যাশা করছি।

বিস্তারিত নিম্নে বর্ণিত হলো ঃ

| ক্র.নং | প্রতিযোগিতার বিষয় | বিষয়/ শিরোনাম | তারিখ, সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১ | কবিতা আবৃত্তি | কবি শামসুর রাহমানের 'মা' | ২৫ জুলাই ২০২৬ শনিবার, বিকেল ৪.০০ টা (সরাসরি উপস্থিত হয়ে আবৃত্তি করতে হবে) | লাইব্রেরীর স্যামসন এইচ চৌধুরী মিলনায়তন |
| ০২ | রচনা লিখন | জ্ঞান বিকাশ ও প্রসারে লাইব্রেরীর ভূমিকা (সর্বোচ্চ ২৫০০ শব্দ) | ২৫ জুলাই ২০২৬ শনিবার, রাত ৮.০০ টা (এই সময়ের মধ্যে লিখিত রচনা জমা দিতে হবে) | অন্নদা গোবিন্দ পাবলিক লাইব্রেরী, পাবনা |

আব্দুল মতীন খান
মহাসচিব
অন্নদা গোবিন্দ পাবলিক লাইব্রেরী, পাবনা।



AR (Aca) 14 JUL 2026

**শামসুর রাহমান**

## মা

ছিলেন নিভৃত গ্রামে। সর্বক্ষণ সংসারের খুঁটিনাটি কাজে
মগ্ন, আসমানে রৌদ্র কাঁপে, মেঘের পানসি ভাসে, কখন যে ক'টা বাজে
থাকে না খেয়াল কিছু। দৃশ্য খুবই চেনাশোনা, মৃদু রঙমাখা,
নানা সূক্ষ্ম সূত্রে গাঁথা; চুলায় চাপানো হাঁড়ি পুঁইশাক-ঢাকা
মাছ পড়ে গোটা দুই শিক্ষক স্বামীর পাতে। লাউয়ের মাচায়
কখনো রাখেন চোখ, কাঁঠাল গাছের ডালে হলদে পাখি লেজটি নাচায়
ঘন ঘন, বেলা বাজে। ইঁদারার পানিতে গোসল সেরে কাঁচা পাকা চুলে
চালান কাঁকই দ্রুত আর ভাবেন খোকন স্কুলে
নামতা মুখস্থ করে। বৈয়মে রাখেন নকশি পিঠা, মনে পড়ে
বড় ছেলেটির কথা, চোখ যার বড়ো বেশি জ্বলজ্বলে, পড়াশোনা করে যে শহরে।

এ বাড়ির গণ্ডি ছাড়া কোথায়ও পড়ে না তাঁর পায়ের পাতার
কালো ছাপ, সারাক্ষণ থাকেন আড়ালে আর খসে না মাথার
কাপড় ভুলেও কারও সম্মুখে কখনো। বেঁচে নেই বাপজান
আম্মাও ওপারে আজ, তবু মাঝে-মাঝে প্রাণ করে আনচান।

ক্রুদ্ধ দেবতার মতো তোলে মাথা সারা দেশ।
                    কত যে খবর আসে, কত আত্মদান
রাঙায় দেশের মাটি; সন্তানের রক্তমাখা জামার আহ্বান
টানে গ্রাম্য জননীকে। অনেক পেছনে রইল পড়ে
                    লাউয়ের সবুজ মাচা, নদী, মাঠ,
কলাইয়ের খেত আর পুকুরের ঘাট।
পড়ছে পায়ের ছাপ আজ তাঁর জনপথে, আনাচে-কানাচে, সবখানে
মেলালেন পুত্রহীন হৃদয়ের দীপ্ত কান্না শ্লোগানে, শ্লোগানে।